

নম্বর- ৫৭.০০.০০০০.০৫৩.১৯.০০৫.১৮- ০৬

তারিখ: ১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৯ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, আপনি জনাব মোঃ মিজানুর রহমান, অধ্যক্ষ, গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, আপনার বিরুদ্ধে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন ২০২১ সনের ০২.১২.২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত এইচএসসি (ভোকেশনাল) পরীক্ষার যথাক্রমে: একাদশ ও দ্বাদশ শ্রেণির পদার্থ বিজ্ঞান-১ বিষয়ের ৯৬ (ছিয়ানক্সই)টি এবং পদার্থ বিজ্ঞান-২ বিষয়ের ৯৩ (তিরানক্সই)টিসহ মোট ১৮৯ (একশত ঊননক্সই)টি উত্তরপত্রের সিলগালাকৃত দুটি প্যাকেট সাদা একটি কাপড়ের ব্যাগে মোটরসাইকেলযোগে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রেরণের নিমিত্ত কোন পুলিশ প্রহরা ব্যতীত পরীক্ষার কেন্দ্র হতে স্থানীয় পোস্ট অফিসে পাঠানোর সময় রাস্তায় হারিয়ে ফেলা সংক্রান্ত অভিযোগ উত্থাপিত হয়েছে। এ ব্যাপারে অপরিহার্য নিরাপত্তা ও অত্যাবশ্যিকীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ না করা এবং নিজে বা দায়িত্বশীল কোন শিক্ষক/কর্মকর্তার মাধ্যমে উত্তর পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ না করায় কেন্দ্র সচিব হিসেবে আপনি চরম কর্তব্যে অবহেলার পরিচয় দিয়েছেন; এবং

যেহেতু, উক্ত ঘটনা সরেজমিনে তদন্ত করার জন্য এ বিভাগ কর্তৃক ০২.১২.২০২১ তারিখের ৫৭.০০.০০০০.০৫৩.১৯.০০৫.২১.৩৪৬ নং স্মারকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জনাব প্রকৌশলী মোঃ আব্দুর রহমানকে আস্থায়ক করে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ০৩.১২.২০২১ খ্রি: তারিখে ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করে ০৯.১২.২০২১ তারিখের ৫৭.১৭.০০০০.৩০০.১৬.০০১.১৭-১৪৩৭ নং স্মারকে একটি তদন্ত প্রতিবেদন এ বিভাগে দাখিল করে। কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদনের সুপারিশ পর্যালোচনায় উক্ত ১৮৯টি উত্তরপত্রের ২টি প্যাকেট হারিয়ে যাওয়ার ঘটনায় আপনার বিরুদ্ধে চরম দায়িত্বহীনতা ও পরিপূর্ণভাবে পাবলিক পরীক্ষা পরিচালনায় সুস্পষ্ট ব্যর্থতার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়; এবং


যেহেতু, আপনার এ ধরনের কার্যকলাপ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে মারাত্মক নেতিবাচক প্রভাব ফেলে এবং শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে অস্থিরতা, অসন্তোষ ও অনিশ্চয়তা সৃষ্টি করে যার দায় কেন্দ্র সচিব হিসেবে আপনি কোনক্রমেই এড়াতে পারেন না; এবং

যেহেতু, আপনার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি (৩) এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' (Misconduct) এর পর্যায়ভুক্ত এবং উক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজুসহ এ পর্যায়ে জনস্বার্থে আপনাকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও আবশ্যিক বলে কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়;

সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯ ধারার উপধারা ১ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২ এর উপবিধি (১) অনুযায়ী আপনাকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত (Suspension) করা হলো এবং একইসাথে আপনার বিরুদ্ধে বিভাগীয় মোকদ্দমা রুজু করার সিদ্ধান্ত গৃহীত হলো।

০২। সাময়িক বরখাস্তকালে (Suspension Period) আপনি বিধি মোতাবেক খোরাকী ভাতাসহ (Subsistence Allowance) অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


তারিখ: ০৯/০১/২০২২
(মোঃ আমিনুল ইসলাম খান)
সচিব

নম্বর- ৫৭.০০.০০০০.০৫৩.১৯.০০৫.১৮- ০৩

তারিখ: ২৫ গৌষ ১৪২৮ বঙ্গাব্দ
০৯ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (কারিগরি অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৯. ভারপ্রাপ্ত অধ্যক্ষ (রুটিন দায়িত্ব), গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ।
১০. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১১. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গোপালগঞ্জ।
১২. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. জনাব মোঃ মিজানুর রহমান, অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত), গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, গোপালগঞ্জ।
১৪. অফিস কপি।


(তৌহিদুল ইসলাম পাভেল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২-৯৫৪৫৪৪৫

ই-মেইল: sastec4@tmed.gov.bd